

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০০৬.১৭- ৩৫৯


তারিখঃ-২৮/০৯/২০১৭খ্রিঃ।

বিষয়ঃ আত্মকর্মসংস্থানে দৃষ্টান্ত স্থাপনকারীদের তথ্য সম্বলিত পুস্তিকা প্রকাশ সংক্রান্ত।

- সূত্রঃ ১। ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০০৬.১৭-৯৭, তারিখঃ ০৬/০৩/২০১৭খ্রিঃ।
২। ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০০৬.১৭-২৬৬, তারিখঃ ১৪/০৬/২০১৭খ্রিঃ।
৩। ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০০৬.১৭-২৯৪, তারিখঃ ৩১/০৭/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রশিক্ষিত যুবগণ প্রশিক্ষণোত্তর আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প সৃজনে উল্লেখযোগ্য অবদান রেখে চলেছে। তাদের সফলতা নীতিনির্ধারণী মহলে তুলে ধরার জন্য একটি প্রকাশনা তৈরীর উদ্যোগ নেয়া হয়েছে। সে লক্ষ্যে সকল জেলাধীন উপজেলা হতে বাছাইকৃত সেরা আত্মকর্মীদের মধ্য হতে ১৫জনের তথ্য নির্ধারিত ছকে ১০/০৪/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে দারিদ্র বিমোচন ও ঋণ শাখায় প্রেরণের নির্দেশ দেয়া হয়। নির্ধারিত তারিখের মধ্যে কাঙ্খিত মাত্রায় সাড়া না পাওয়ায় ২ এবং ৩নং সূত্রের পত্রের মাধ্যমে পর পর দুইবার তাগিদ প্রদানসহ ২০/০৮/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়সীমা বৃদ্ধি করা হয়। পত্রসমূহের নির্দেশনা মতে এ পর্যন্ত ৪৪টি জেলা (যথাক্রমে ময়মনসিংহ, রাজবাড়ী, মুন্সিগঞ্জ, গাজীপুর, নরসিংদী, শরীয়তপুর, জামালপুর, শেরপুর, ঢাকা, নারায়ণগঞ্জ, টাংগাইল, মাদারীপুর, কিশোরগঞ্জ, নোয়াখালী, চট্টগ্রাম, কক্সবাজার, লক্ষ্মীপুর চাঁদপুর, খাগড়াছড়ি, রাংগামাটি, লালমনিরহাট, রাজশাহী, পাবনা, জয়পুরহাট, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, সিরাজগঞ্জ, বরিশাল, খুলনা, কুষ্টিয়া, যশোর, ঝালকাঠি, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, পিরোজপুর, নাটোর, ভোলা, ফেনী, কুমিল্লা, মানিকগঞ্জ, ফরিদপুর, বি-বাড়ীয়া, সিলেট ও মৌলভীবাজার) হতে তথ্য প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ২০টি জেলা হতে তথ্য পাওয়া যায়নি।

এমতাবস্থায় যে সকল জেলা হতে তথ্য প্রেরণ করা হয়নি সে সকল জেলাকে তথ্য প্রেরণ না করার কারণ ১০/১০/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে জানানোসহ তথ্যাদি প্রেরণের চূড়ান্ত সময়সীমা নির্দেশক্রমে ১৮/১০/২০১৭ খ্রিঃ তারিখ নির্ধারণ করা হলো।


(মোঃ মতিউর রহমান তালুকদার)
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
দারিদ্র্য বিমোচন ও ঋণ শাখা
ফোনঃ ৯৫৫৯৯১৫।

প্রাপকঃ
উপ-পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
.....(অবশিষ্ট ২০টি জেলা)।

অনুলিপি বিতরণ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ), ঢাকা।
- ২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, উপজেলা জেলা (সংশ্লিষ্ট)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৪। দপ্তর নথি।

যে সকল জেলা হতে তথ্য প্রেরণ করা হয়নিঃ

ক্রঃনং	জেলার নাম	ক্রঃনং	জেলার নাম	ক্রঃনং	জেলার নাম
০১	নেত্রকোণা	০৯	ঠাকুরগাঁও	১৭	মেহেরপুর
০২	গোপালগঞ্জ	১০	পঞ্চগড়	১৮	বান্দরবান
০৩	বগুড়া	১১	পটুয়াখালী	১৯	সুনামগঞ্জ
০৪	রংপুর	১২	বরগুনা	২০	হবিগঞ্জ
০৫	নীলফামারী	১৩	বাগেরহাট		
০৬	গাইবান্ধা	১৪	মাগুরা		
০৭	কুড়িগ্রাম	১৫	নড়াইল		
০৮	দিনাজপুর	১৬	ঝিনাইদহ		